# শাকিব খানের হাতে ঢাকা ক্যাপিটালস, পাঁচ বছরের মালিকানা নিশ্চিত



সংগৃহীত ছবি

বাংলাদেশ প্রিমিয়ার লিগের (বিপিএল) ১২তম আসরে ঢাকার ফ্র্যাঞ্চাইজির মালিকানা রাখতে চলেছেন 'মেগাস্টার' শাকিব খান। প্রথমবার বিপিএলে অংশ নেয়ার সময় যদিও দল শেষ হাসি হাসতে পারেনি, তবু শাকিবের উপস্থিতি ক্রিকেট ও সিনেমাপ্রেমীদের মধ্যে এক অনন্য মিলনের মুহূর্ত তৈরি করেছিল।

শাকিব খান তার আগের প্রতিশ্রুতি অনুযায়ী এবারও ঢাকা ক্যাপিটালসকে আরও শক্তিশালী, আগ্রাসী ও জয়ের জন্য প্রস্তুত রাখতে মনোযোগ দেবেন। টিম পরিচালনার দায়িত্বে থাকবে চ্যাম্পিয়ন স্পোর্টস। বিসিবির তথ্য অনুযায়ী, আগামী পাঁচ বছরের জন্য মালিকানা শাকিবের হাতে থাকবে।

বিপিএলের আসর শুরু হচ্ছে ১৯ ডিসেম্বর। এবার অংশ নিচ্ছে পাঁচটি দল – ঢাকা, রংপুর, চট্টগ্রাম, রাজশাহী ও সিলেট। খুলনা ও বরিশাল এবার মাঠে নেই। ফ্র্যাঞ্চাইজির মালিকানা তালিকায় ঢাকা ছাড়াও রংপুরের মালিক টগি স্পোর্টস, চট্টগ্রামের ট্রায়াঙ্গেল সার্ভিসেস, রাজশাহীর নাবিল গ্রুপ এবং সিলেটের ক্রিকেট উইথ সামি।

আসরের আগে ১৭ নভেম্বর অনুষ্ঠিত হবে প্লেয়ার্স ড্রাফট। ফাইনাল ম্যাচ অনুষ্ঠিত হবে ১৬ জানুয়ারি।

LENS ASIA